ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২১৫০
খোয়াই, ৫ আগস্ট, ২০২৫

**খোয়াই মহকুমায় সহায়কমূল্যে ধান কেনা শুরু**

খোয়াই মহকুমায় আজ থেকে কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান ক্রয় করার কাজ শুরু হয়েছে। খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহ রায় (দত্ত) অফিসটিলাস্থিত সরকারি খাদ্য গুদাম প্রাঙ্গণে প্রদীপ জ্বালিয়ে এক অনুষ্ঠানে সহায়কমূল্যে ধান ক্রয়ের সূচনা করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে উদ্বোধক শ্রীমতি সিংহরায় বলেন, রাজ্যের সার্বিক উন্নয়নের পাশাপাশি সরকার কৃষির উন্নয়নে ব্যাপক ভাবে কাজ করছে। কৃষি ও কৃষকের স্বার্থে পরিকল্পনা গ্রহণ ও তার বাস্তবায়ণ করছে। আত্মনির্ভর ও শ্রেষ্ট ত্রিপুরা গঠনে এগিয়ে আসতে তিনি সকলের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে অতিথি হিসেবে ছিলেন খোয়াই পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান উত্তম অধিকারী, কৃষি তত্ত্বাবধায়ক প্রদ্যুৎ দে প্রমুখ। স্বাগত ভাষণ দেন মহকুমা শাসক শীর্ষেন্দু দেববর্মা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খোয়াই পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান টিঙ্কু ভট্টাচার্য। আগামী ১৩ আগস্ট পর্যন্ত এই ধান ক্রয় কেন্দ্রে কৃষকদের কাছ থেকে প্রতি ১ ক্যুইন্টাল ধান ২,৩০০ টাকা দরে ক্রয় করা হবে। এই পর্যায়ে খোয়াই মহকুমার কৃষকদের কাছ থেকে ১ হাজার এমটি ধান ক্রয়ের লক্ষ্যমাত্রা রয়েছে।

*******